



বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



সূত্র : বাইএ/এসিআইআই/২০২০/৮৯৬

তারিখ ১৭/০১/২০২০

বিষয় : বীমা পেশায় আন্তর্জাতিক মানসম্পন্ন ACII কোর্স সংক্রান্ত।


বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি বীমা শিল্পে পেশাজীবী তৈরীর লক্ষ্যে নিজস্ব এসোসিয়েটশীপ (Post Graduate Diploma) প্রদান ছাড়াও আন্তর্জাতিকভাবে স্বীকৃত The Chartered Insurance Institute (UK) এর ACII কোর্সের বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে ১৯৮১ সাল থেকে সর্বাত্মক সহযোগিতা করে আসছে।

বর্তমানে একাডেমি The Chartered Insurance Institute (UK) এর Overseas Examination Centre হিসেবেও ACII পরীক্ষার আয়োজন করছে। একাডেমি হতে ACII শিক্ষার্থীদের ফ্রি কাউন্সিলিং ক্লাশের ব্যবস্থা করা হয় এবং প্রতি বিষয়ে পাশ করার পর ঐ বিষয়ের সম্পূর্ণ পরীক্ষার ফি বৃত্তি হিসেবে প্রদান করা হয়।

ACII কোর্স এপ্রিল ও অক্টোবর- ২০২০ পর্বের ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী সম্বলিত লিফলেট এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক প্রদত্ত এ সংক্রান্ত সার্কুলার (সংযুক্ত) আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

উপর্যুক্ত কোর্সে আপনার প্রতিষ্ঠানের আগ্রহী কর্মকর্তাদের মনোনয়নদান কিংবা কোর্সে অংশগ্রহণ করার লক্ষ্যে উৎসাহিত করবেন বলে আশা করি। এছাড়াও প্রয়োজনে উক্ত কোর্স সংক্রান্ত তথ্যের জন্য জনাব এস,এম ইব্রাহিম হোসাইন, ACII,(UK) চীফ ফ্যাকাল্টি মেম্বর, টেলিফোন- ০২-৯৮৯৯১৩৬, ০২-৯৮৯৯২৯২-৩, জনাব মোঃ রায়হানুল আবেদীন, ইন্সট্রাক্টর, মোবাইল: ০১৭২২-৮১৭৯১২ অথবা জনাব মীর আব্দুল করিম, মোবাইল:০১৭১৮-৬৪৪৬৪৫ সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

একাডেমির শিক্ষা ও প্রশিক্ষনে আপনার প্রতিষ্ঠানের অর্থনী ভূমিকার জন্য ধন্যবাদ জানাচ্ছি।


(মুহাম্মদ আমজাদ হোসাইন)
(অতিরিক্ত সচিব)
পরিচালক।